

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, জুন ২১, ২০১৫

নির্বাচন কমিশন
বাংলাদেশ
নির্বাচন কমিশন সচিবালয়
শেরে বাংলা নগর, ঢাকা
প্রজ্ঞাপন

তারিখঃ ০৪ আষাঢ় ১৪২২ বঙ্গাব্দ/১৮ জুন ২০১৫ খ্রিস্টাব্দ

নং ১৭.০০.০০০০.০৬৩.১৬.০০১.১২.৯৪৭।—জাতীয় পরিচয় নিবন্ধন বিধিমালা, ২০১৪ এর ১০ ফেব্রুয়ারি ২০১৫ খ্রিস্টাব্দ তারিখের এস আর ও নং ২৭-আইন/২০১৫ দ্বারা আনীত সংশোধনীর বিধি ৯ এ উল্লিখিত বিধান অনুযায়ী নির্বাচন কমিশন, ১৭ ভাদ্র ১৪২২ বঙ্গাব্দ মোতাবেক ০১ সেপ্টেম্বর ২০১৫ খ্রিস্টাব্দ তারিখ হইতে নিম্ন তফসিলে বর্ণিত ফি সংক্রান্ত বিধি ৮ এর উপ-বিধি ১ এর ক্রমিক নং (১) ও (২) কার্যকর করিল।

৮। ফি, ইত্যাদি।—(১) জাতীয় পরিচয়পত্র নবায়ন, হারানো বা নষ্ট হইবার কারণে নূতন জাতীয় পরিচয়পত্রের আবেদনের ক্ষেত্রে নিম্ন টেবিলে উল্লিখিত ফি প্রদান করিতে হইবে, যথা:—

ক্রমিক নং	কার্যসমূহ	প্রদেয় ফিসসমূহ (টাকা)	
		সাধারণ	জরুরি
১।	জাতীয় পরিচয়পত্র নবায়ন	১০০ (একশত)	১৫০ (একশত পঞ্চাশ)
২।	হারানো বা নষ্ট হইবার কারণে নূতন জাতীয় পরিচয়পত্র প্রাপ্তি		
	প্রথম বার আবেদন	২০০ (দুই) শত	৩০০ (তিন) শত
	দ্বিতীয় বার আবেদন	৩০০ (তিন) শত	৫০০ (পাঁচ) শত
	পরবর্তী যে কোন বার আবেদন	৫০০ (পাঁচ) শত	১০০০ (এক) হাজার

(৪৫৯৩)

মূল্য : টাকা ৪.০০

(২) উপ-বিধি (১) এ উল্লিখিত ফি নির্দিষ্ট খাতে ট্রেজারি চালানোর মাধ্যমে অথবা “সচিব, নির্বাচন কমিশন” এর অনুকূলে পে-অর্ডার বা ব্যাংক ড্রাফট এর মাধ্যমে অথবা কমিশন কর্তৃক নির্দিষ্টকৃত নম্বরে মোবাইল ব্যাংকিং বা অনলাইন ব্যাংকিং এর মাধ্যমে পরিশোধ করিতে হইবে।

(৩) উপ-বিধি (১) এ উল্লিখিত ফি প্রাপ্তির তারিখ হইতে ৭ (সাত) কার্যদিবসের মধ্যে উহা সরকারি হিসাবে জমা করিতে হইবে।

নির্বাচন কমিশনের আদেশক্রমে

মোঃ সিরাজুল ইসলাম
সচিব।

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আলমগীর হোসেন (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site : www.bgpress.gov.bd